গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
এপিএ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৯.০২.০১৯.২১(অংশ-১)-৩৮

তারিখ : ৩০ চৈত্র, ১৪২৮ / ১৩ এপ্রিল, ২০২২

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র বাস্তবায়ন অগ্রগতি ও ২০২২-২০২৩ অর্থবছরের খসড়া এপিএ'র উপর মতামত ও পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভার সভাপতি : সাবিনা ইয়াসমিন, অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ)

সভার তারিখ ও সময় : ১২/০৪/২০২২ তারিখ, বেলা ১১:০০টা

স্থান : সভাকক্ষ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

উপস্থিত কর্মকর্তার তালিকা: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি বলেন, যে সকল সূচকের অর্জন এখানো কাঙ্খিত পর্যায়ে নেই সে সকল সূচক নির্ধারিত সময়ের মধ্যে বাস্তাবায়নের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে বলেন। প্রয়োজনে মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে বাস্তবায়নের এ্যাকশন প্ল্যান তৈরির মাধ্যমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও স্বাস্থ্য সেবা বিভাগ ও অধিনস্ত দপ্তর/সংস্থার ২০২২-২০২৩ অর্থবছরের খসড়া এপিএ আগামী ৩০ এপ্রিলের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএ গাইডলাইন মোতাবেক প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে দাখির করার নির্দেশনা প্রদান করেন।

এপিএ সমন্বয়ক উপসচিব, জনাব মো: আবদুছ সালাম ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র ১ জুলাই ২০২১ থেকে ৩১ মার্চ ২০২২ পর্যন্ত ৯ মাসের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। পাশাপশি যে সকল সূচকের এখনো কাঙ্খিত অর্জন হয়নি সে সকল সূচক সভায় উপস্থাপন করেন। এ সকল সূচক নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের ব্যাপারে সকলকে তৎপর হওয়ার আহবান জানান।

এছাড়া সভায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা ও ক্যালেন্ডার মোতাবেক আগামী ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ'র খসড়া প্রস্তুতের বিষয়ে সকলকে অবহিত করেন। তিনি বলেন, আগামী ৩০ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ'র খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। সে লক্ষ্যে অধীনস্ত দপ্তর/সংস্থার নিকট থেকে প্রাপ্ত ২০২২-২০২৩ অর্থবছরের খসড়া এপিএ'র উপর পর্যালোচনা করে স্বাস্থ্য সেবা বিভাগের খসড়া এপিএ প্রণয়ন করা হয়েছে। অতঃপর তিনি স্বাস্থ্য সেবা বিভাগের প্রণয়নকৃত ২০২২-২০২৩ অর্থবছরের খসড়া এপিএ'র উপর সকলের মতামতের জন্য সভায় উপস্থাপন করেন।

**সভায় আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | [১.১.১] উপজেলা হাসপাতালে চক্ষু চিকিৎসা সেবা সম্প্রসারণ বিষয়ে আলেচনা হয়। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি বলেন এপ্রিল ২০২২ এর শেষে সকল কার্যক্রম সম্পন্ন হবে। ১৬ মে ২০২২ এর মধ্যে উদ্বোধন করা হবে। প্রয়োজনীয় চেয়ার, টেবিলের সংকট রয়েছে। তা ক্রয় কার্যক্রম চলমান রয়েছে। | প্রয়োজনীয় চেয়ার, টেবিল কমিউনিটি ক্লিনিক হতে নিয়ে হলেও যেভাবেই হোক কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। ১৬ মে ২০২২ এর মধ্যে উদ্বোধন সম্পন্ন করে কার্যক্রম শুরু করতে হবে। পাশাপাশি যথাযথ প্রমাণক প্রেরণ নিশ্চিত করতে হবে। এপ্রিল ২০২২ এর মধ্যে সব কার্যক্রম শেষ করতে হবে। | প্রবা-২, স্বাস্থ্য সেবা বিভাগ ও LD, ন্যাশননাল আই কেয়ার-ওপি, DGHS |
| ২. | [১.২.১] লার্নিং সেশন/প্রশিক্ষণ আয়োজিত বিষয়ে আলোচনা হয়। স্বাস্থ্য সেবা বিভাগের এপিএ ফোকাল পয়েন্ট বলেন ৬টি লার্নিং সেশন সম্পন্ন হয়েছে। বিষয় নির্ধারণ করে আগামী মে ২০২২ এর মধ্যে অবশিষ্ট ৪টি লার্নিং সেশন শেষ হবে। | মে ২০২২ এর মধ্যে অবশিষ্ট ৪টি লার্নিং সেশন শেষ করে যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে। | প্রশাসন ২/৪ ও এপিএ টিম |
| ৩. | [১.৩.১] অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিসঅর্ডারে আক্রান্ত শিশুদের জন্য প্রতিষ্ঠিত শিশু বিকাশ কেন্দ্রে চিকিৎসা প্রদানকৃত রোগীর সংখ্যা (ভিজিটের ভিত্তিতে) বিষয়ে জানানো হয় এ পর্যন্ত ৭৮৩৮৬ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। করোনার কারণে রোগীর সংখ্যা কম ছিল। এখন তুলনামূলক রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে টার্গেট সম্পন্ন করা সম্ভব হবে। পাশাপাশি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয় এবং শিশু হাসপাতালের তথ্য অন্তর্ভূক্ত করা যায় কি না সে বিষয়ে আলোচনা | স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক সূচকের টার্গেট বাস্তবায়নে একটি কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক আগামী মে ২০২২ এর মধ্যে কাঙ্খিত অগ্রগতি বৃদ্ধি করতে হবে। এছাড়া আগামী এপ্রিল ২০২২ মাসের ৩য় সপ্তাহে সংশ্লিষ্ট হাসপাতালকে নিয়ে জুম মিটিং করতে হবে। বিষয়টি অটিজম সেল সুপারভিশন ও মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করবেন। | অটিজম সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, LD, HSM-OP, DGHS |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | হয়। | | |
| ৪. | [১.৪.১] গবেষণা কার্যক্রম সম্পাদিত বিষয়ে স্বাস্থ্য অর্থনীতি ইউনিট বলেন ইতোমধ্যে ৭টি গবেষণা সম্পন্ন হয়েছে। অবশিষ্ট গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। আগামী ৩১ মে ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। | যে ৭টি গবেষণা সম্পন্ন হয়েছে তা প্রকাশের তারিখ উল্লেখ পূর্বক সামারিশিট আকারে প্রস্তুত করে প্রমানক সংরক্ষণ করতে হবে। এছাড়া অবশিষ্ট গবেষণা কার্যক্রম আগামী ৩১ মে ২০২২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | HEU & DGHS |
| ৫. | [১.৫.২] নার্সদের খসড়া কর্মপরিধি চূড়ান্তকৃত বিষয়ে নার্সিং ও মিডওয়াইফারির প্রতিনিধি বলেন কার্যক্রম সম্পন্ন হয়েছে। কর্মপরিধিটি বুকলেট আকারে ছাপানোর নির্দেশনা প্রদান করা হয়েছে। | নার্সদের কর্মপরিধিটি ওয়েবসাইটে প্রকাশ ও প্রতিটি হাসপাতালে প্রেরণ করতে হবে। প্রমানক হিসেবে এগুলো দাখিল করতে হবে। | নার্সিং সেবা-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ,<br>নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর |
| ৬. | [২.১.১] স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সহকারী সার্জন হতে তদুর্ধ্ব (সহকারী পরিচালক/সিভিল সার্জন, উপ পরিচালক ও ৬ষ্ঠ গ্রেডে) পদোন্নতি, [২.১.২] স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জুনিয়র কনসালটেন্ট ও সিনিয়র কনসালটেন্টদের পদোন্নতি, [২.১.৩] স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সহকারী অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি, [২.১.৪] স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক গ্রেড ৩ ভুক্ত অধ্যাপক ও পরিচালক পদে পদোন্নতি বিষয়ে আলোচনা হয়। | নির্ধারিত তারিখের মধ্যে সব শূণ্য পদ পূরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। শূন্য পদের বিপরীতে পদোন্নতি প্রদান করতে হবে। আগামী ৩০মে ২০২২ পর্যন্ত শূন্য পদের তালিকা প্রণয়ন করে শূন্য পদের বিপরীতে সব পদ পূরণ করতে হবে। এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের সাথে একটি সমন্বিত সভার আয়োজন করতে হবে। | পার-১/২/৩ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তর |
| ৭. | [২.২.১] ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মিত বিষয়ে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি বলেন গত জুলাই থেকে মার্চ ২০২২ পর্যন্ত ৫টি বাস্তবায়ন হয়েছে। অবশিষ্ট ৫টি নির্ধারিত সময়ের পূর্বে বাস্তবায়ন হবে। | বাকী ৫টি হাসপাতাল উন্নীতকরণের কাজ দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। যেগুলো বাস্তবায়ন সম্পন্ন হয়েছে তার প্রমাণক দাখিল করতে হবে। পাশাপশি যে ৫টি কার্যক্রম এখানো চলমান রয়েছে তার তালিকা নিয়ে এপিএ টিমের কর্মকর্তাগণ কাজের গতি বৃদ্ধির লক্ষ্যে চলমান কার্যক্রম পরিদর্শন করবেন। | নির্মাণ অধিশাখা, HED, LD, CBHC-OP, DGHS |
| ৮. | [২.২.২] বিভিন্ন হাসপাতালে হাই ফ্লো ন্যাজাল ক্যানোলা সরবরাহ ও চালুকৃত বিষয়ে নিমিউ এন্ড টিসির প্রতিনিধি বলেন ১৫টি বাস্তবায়ন হয়েছে। প্রমাণক আগামী মে ২০২২ এর মধ্যে প্রেরণ করা হবে। | যে সকল হাসপাতালে হাই ফ্লো ন্যাজাল ক্যানোলা সরবরাহ করা হয়েছে সে সকল হাসপাতালের পরিচালক এর নিকট থেকে হাই ফ্লো ন্যাজাল ক্যানোলা চালু আছে এই মর্মে প্রত্যয়ন সংগ্রহ করতে হবে। আগামী মে ২০২২ এর মধ্যে প্রমাণক দাখিল করতে হবে। | নির্মাণ/সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১, HED, NEMEMW & TC |
| ৯. | [২.২.৩] কমিউনিটি ক্লিনিক নির্মাণ ও আধুনিকীকরণ বিষয়ে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি বলেন ৮৮টি কমিউনিটি ক্লিনিক নির্মাণের টার্গেট নেয়া হয়েছে। ইতোমধ্যে ৭২টি বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে বাকী গুলো সম্পন্ন হয়ে যাবে। | বাকী ১৬টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ কার্যক্রম আগামী মে ২০২২ এর মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। যেগুলো বাস্তবায়ন সম্পন্ন হয়েছে তার প্রমাণক দাখিল করতে হবে। পাশাপশি যে ১৬টি কার্যক্রম এখানো চলমান রয়েছে তার তালিকা নিয়ে এপিএ টিমের কর্মকর্তাগণ কাজের গতি বৃদ্ধির লক্ষ্যে চলমান কার্যক্রম পরিদর্শন করবেন। | নির্মাণ অধিশাখা, HED, LD, CBHC-OP, DGHS |
| ১০. | [২.২.৫] হাসপাতালের সকল প্রকার ক্রয় কার্যে স্বচ্ছতা আনয়নের জন্য ইলেকট্রনিক পদ্ধতিতে ক্রয় (ই-জিপি) চালুকৃত বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি বলেন ১০টি হাসপাতালে ই-জিপি কার্যক্রম বাস্তবায়ন হচ্ছে। হাসপাতালের সংশ্লিষ্টদের ই-জিপি প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য সিপিটিইউ কে পত্র প্রেরণ করা হয়েছে। | যেসকল হাসপাতালকে ই-জিপির আওতায় আনা হয়েছে সে সকল হাসপাতালের ব্যবহারকারীর ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগ ইন করে ই-জিপি সংক্রান্ত প্রমাণক সংগ্রহ করতে হবে। প্রয়োজনে হাসপাতালের তালিকা নিয়ে কার্যক্রম পরিদর্শন করতে হবে। ই-জিপি চালুকরণে কোন সমস্যা হলে এপিএ টিম কে অবহিত করতে হবে। | DGHS |
| ১১. | [২.২.৬] নির্মিত কমিউনিটি ক্লিনিক, নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র ও ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কার্যক্রম মনিটরিং বিষয়ে আলোচনা হয় ইতোমধ্যে ১০টি মনিটরিং সম্পন্ন হয়েছে। | উন্নয়ন অনুবিভাগ হতে নির্ধারিত চেক লিস্ট অনুযায়ী পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। বাকী ১০টি মনিটরিং দ্রুত সময়ের মধ্যে শেষ করতে হবে। পাশাপাশি যে ১০টি মনিটরিং সম্পন্ন হয়েছে তার প্রমাণক হিসেবে পরিদর্শন প্রতিবেদন সামারি শিট অনুযায়ী সংরক্ষণ করতে | উন্নয়ন অনুবিভাগ,<br>নির্মাণ অধিশাখা/সিবিএমই শাখা ও<br>স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | হবে। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর থেকে তালিকা সংগ্রহপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগের কর্মকর্তাদের মনিটরিং করানোর উদ্যোগ নিতে হবে। আগামী মে ২০২২ এর মধ্যে মনিটরিং কার্যক্রমের বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | |
| ১২. | [৩.১.১] ১০টি মেডিকেল কলেজ হাসপাতালে ১০ শয্যা বিশিষ্ট আইসিইউ স্থাপন কার্যক্রম সম্পন্ন হয়েছে বলে সভায় অবহিত করা হয়। কিছু ক্রয় কার্যক্রম এখানো বাকী আছে বলে সভায় জানানো হয়। | ক্রয় কার্যক্রম সম্পন্ন করে আগামী মে ২০২২ এর মধ্যে যথাযথ প্রমানক প্রেরণ করতে হবে। | DGHS, |
| ১৩. | [৩.১.২] বিভাগীয় শহরে ক্যান্সার হাসপাতাল ও কিডনী বিভাগ নির্মাণকৃত বিষয়ে জানানো হয় ১০% কার্যক্রম বাস্তবায়ন হয়েছে। | বাস্তবায়নকৃত কার্যক্রমের প্রোগ্রেস রিপোর্ট প্রেরণ করতে হবে। তাছাড়া সূচকের টার্গেট মোতাবেক ১০০% বাস্তবায়ন কার্যক্রম জুন ২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে। অতিরিক্ত সচিব জনাব মো: সাইদুর রহমান এর সাথে সমন্বয় করে কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। | ১। প্রকল্প পরিচালক (বিভাগীয় শহরে ক্যান্সার হাসপাতাল ও কিডনী বিভাগ নির্মাণ, স্বাস্থ্য অধিদপ্তর,<br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (স্বাস্থ্য), পিডব্লিউডি |
| ১৪. | [৩.১.৩] ইতোমধ্যে ২০টি জেলা সদর হাসপাতালে ১০ শয্যা বিশিষ্ট ICU স্থাপন কার্যক্রমের মধ্যে ১৪টি স্থাপন কার্যক্রম সম্পন্ন হয়েছে। আগামী এপ্রিল ২০২২ এর মধ্যে হ্যান্ড ওভার করা হবে। বাকী ০৬টি হাসপাতালে ICU স্থাপন দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা হয়। | অবশিষ্ট ০৬টি আইসিইউ নির্মাণ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। যে ১৪টির বাস্তবায়ন হয়েছে তার তালিকা আগামী ০৫ দিনের মধ্যে প্রমাণক হিসেবে প্রেরণ করতে হবে। পাশাপাশি যুগ্মসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) জনাব মো: হামিদুল হক বিষয়টি পর্যবেক্ষণ করবেন। | প্রকল্প পরিচালক, কোভিড-১৯ ইআরপিপি প্রোজেক্ট, DGHS, |
| ১৫. | [৩.১.৬] পাবনা মানসিক হাসপাতালকে আধুনিকায়ন এবং বিভাগীয় মেডিকেল কলেজের মানসিক রোগ ইউনিট শক্তিশালীকরণ প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডি সম্পাদিত সম্পন্ন হয়েছে। | কত তারিখে সম্পন্ন হয়েছে তার প্রমাণক দাখিল করতে হবে। | পরিকল্পনা অনুবিভাগ, প্রবা-২, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ১৬. | [৩.১.৭] জেলা সদর হাসপাতালে মাল্টিপারপাল ভবন নির্মাণ প্রকল্প একনেকে প্রেরণ করা হয়েছে। | কত তারিখে প্রেরণ করা হয়েছে তার তথ্য সংগ্রহ করতে হবে। | পরিকল্পনা অনুবিভাগ, প্রবা-১, স্বাস্থ্য সেবা বিভাগ |
| ১৭. | [৪.২.১] এইচআইভি সনাক্তকরণে সমন্বিত সেবা ও সহযোগিতা গ্রহণকারী ব্যক্তির সংখ্যা এ পর্যন্ত ৩ লক্ষ ১ হাজার জন সেবা গ্রহণ করেছে। | প্রমানক প্রেরণ করতে হবে। এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর এবং স্বাস্থ্য সেবা বিভাগের একটি সমন্বিত সভা আহবান করতে হবে। | LD, NASP-OP, DGHS |
| ১৮. | [৪.৩.২] জেলা সদর হাসপাতালে ২০ শয্যা বিশিষ্ট কোভিড Isolation unit স্থাপনকৃত বিষয়ে বলা হয় কার্যক্রম চলমান রয়েছে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন হবে। | নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। যতটুকু কার্যক্রম বাস্তবায়ন হয়েছে তার অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে। এপিএ সূচকের টার্গেট অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক, কোভিড-১৯ ইআরপিপি প্রোজেক্ট, DGHS |
| ১৯. | [৫.১.৪] ইডিসিএল এর মান নিশ্চিতকরণ বিভাগ (QA) কর্তৃক কাঁচামাল এবং ফিনিস প্রোডাক্টের নমুনা পরীক্ষাকরণ কার্যক্রম পরিদর্শনকৃত বিষয়ে আলোচনা হয়। ১০টি মনিটরিং এর মধ্যে ০৬টি সম্পন্ন হয়েছে। বাকী গুলো দ্রুত সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হয়। | যে সকল পরিদর্শন সম্পন্ন হয়েছে তার তালিকাসহ প্রতিবেদন দাখিল করতে হবে। মে ২০২২ এর মধ্যে অবশিষ্ট ৪টি পরিদর্শন শেষ করে প্রতিবেদন দাখিল করতে হবে। | HSD, EDCL, DGDA |
| ২০. | উপস্থিত সকলের পরামর্শ ও মতামত শেষে স্বাস্থ্য সেবা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদন করা হয়। অনুমোদিত প্রতিবেদনটি আগামী ১৩ এপ্রিল ২০২২ এর মধ্যে এপিএএমএস সফটওয়্যারে দাখিল করতে হবে। | | স্বাস্থ্য সেবা বিভাগের এপিএ টিম |
| ২১. | স্বাস্থ্য সেবা বিভাগের ২০২২-২০২৩ অর্থবছরের প্রাথমিক খসড়া সংযোজন-বিয়োজন পূর্বক একটি সমন্বিত খসড়া প্রস্তুত করা হয়। উক্ত খসড়া চূড়ান্ত করণের লক্ষ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), অতিরিক্ত সচিব (বাজেট অধিশাখা), যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), যুগ্মসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা অধিশাখা) ও উপসচিব (জনস্বাস্থ্য-২) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি আগামী ৭দিনের মধ্যে চূড়ান্ত খসড়া প্রণয়নে সহযোগিতা করবেন। | | স্বাস্থ্য সেবা বিভাগ/ গঠিত কমিটি/ এপিএ টিম |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।

স্বাক্ষরিত
তারিখ: ১৩/০৪/২০২২
(সাবিনা ইয়াসমিন)
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম লিডার

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৯.০২.০১৯.২১(অংশ-১)-৩৮

তারিখ : ৩০ চৈত্র, ১৪২৮
১৩ এপ্রিল, ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ।
২. অতিরিক্ত সচিব (পার/প্রশাসন/বাজেট অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ।
৩. যুগ্মসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা/পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ।
৪. পরিচালক, পরিকল্পনা ও গবেষনা ও এপিএ কো-অর্ডিনেটর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
৬. উপসচিব, (প্রশাসন-১/প্রশাসন-২/পার-২/প্রশাসন-৪/প্রবা-২), স্বাস্থ্য সেবা বিভাগ।
৭. জনাব মো: আব্দুল হামিদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) ও এপিএ ফোকাল পয়েন্ট, এইচইডি, মতিঝিল, ঢাকা।
৮. বেগম ফাতেমা জোহুরা, উপপরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, আনসারী ভবন, ঢাকা।
৯. জনাব আশরাফ হোসেন, পরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০. ডাঃ আরাফাতুর রহমান, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (প্ল্যানিং) ও এপিএ ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১. জনাব মো: আলী মোকাররম, জেনারেল ম্যানেজার, অডিট ও এপিএ ফোকাল পয়েন্ট, ইডিসিএল, তেজগাঁও, ঢাকা।
১২. জনাব মো: সাইফউদ্দিন আকন্দ, ওয়ার্কশপ ম্যানেজার ও এপিএ ফোকাল পয়েন্ট, টেমো, মহাখালী, ঢাকা।
১৩. জনাব এম এন নাসিদ রহমান, সহকারী প্রকৌশলী ও এপিএ ফোকাল পয়েন্ট, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১৪. বেগম লেজিনা মোনা সুমি, সহকারী প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ।
১৫. জনাব মো: রফিকুল ইসলাম, সহকারী সচিব (সিবিএমই শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ।
১৬. মোছা: ফরিদা ইয়াসমিন, নার্সিং অফিসার ও এপিএ ফোকাল পয়েন্ট, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৭. হুমায়রা আফরোজ, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড, তেজগাঁও, ঢাকা।
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

13.04.2022
(মো: আবদুছ সালাম)
উপসচিব
ফোন: ৯৫৪০৭২১
apahsd19@gmail.com